



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

যথাযথ মর্যাদায় মোংলা বন্দরে জাতির পিতার জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উপলক্ষ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে দিনটি শুরু করে। বন্দরের সকল গুরুত্বপূর্ণ স্থাপনায় আলোকসজ্জা, সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা ও বন্দরের পতাকা উত্তোলন করা হয়।

মোঃ শাহীনুর আলম (উপসচিব), পরিচালক (প্রশাসন) এর সভাপতিত্বে বন্দরের সভাকক্ষে জাতির পিতার কর্মময় জীবনের উপর ডকুমেন্টারী “ চিরঞ্জীব বঙ্গবন্ধু” প্রদর্শন ও “স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে বঙ্গবন্ধুর জন্মদিন” বিষয়ক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), প্রধান আলোচক ড. এ. কে. এম. আনিসুর রহমান (যুগ্মসচিব), সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), সভায় আরোও উপস্থিত ছিলেন বন্দর কর্তৃপক্ষের বিভাগীয় প্রধানগণ, অফিসার এ্যাসোসিয়েশন, সিবিএ নেতৃবৃন্দসহ অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

এছাড়াও মোংলা বন্দরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, মুক্তিযুদ্ধভিত্তিক রচনা, আবৃত্তি, শিশু বক্তার অংশগ্রহণে ভাষণ প্রতিযোগিতা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। মোংলা বন্দর হাসপাতালে ভর্তিরত রোগীদের উন্নতমানের খাবার সরবরাহ করা হয়। পরিশেষে মোংলা বন্দরের আওতাধীন মসজিদ/ধর্মীয় উপসনালয়ে জাতির পিতার রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত/প্রার্থনার আয়োজন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) বলেন স্মার্ট বাংলাদেশ মূলত: প্রযুক্তি সম্পর্কিত তাই আগামী দিনের শিশুদের এ বিষয়ে অনুপ্রাণিত করতে হবে। জাতির পিতার আদর্শ বাস্তবায়নে স্মার্ট বাংলাদেশ বিনর্মাণে সবাইকে উদ্ভুদ্ধ করণের মাধ্যমে দেশকে এগিয়ে নিতে হবে।

স্বাক্ষরিত
উপসচিব